দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসনে ২০ কোটি টাকা বরাদ্দ

জনকণ্ঠ রিপোর্ট

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসনের জন্য শিক্ষা মন্ত্রণালয় এ যাবত প্রায় ২০ কোটি টাকা বরাদ্দ করেছে। দেশের ৫৫ জেলার ৪ হাজার ২৪২টি শিক্ষা প্রতিষ্ঠান ভবন সংস্কার ও মেরামতের জন্য এ অর্থ ব্যবহার করা হবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, পুনর্বাসন কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দকৃত অর্থ সরাসরি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির কাছে দেয়া হচ্ছে। বরাবরের মতো ফ্যাসিলিটিজ বিভাগ বা এলজিইডি'র মাধ্যমে না করে পুনর্বাসন কাজের দায়িত্ব দেয়া হচ্ছে এই কমিটির ওপর। এতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাহিদার আলোকে বরাদ্দকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত হবে বলে আশা করা হচ্ছে।

সূত্র জানায়, বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসনের জন্য উন্নয়ন বাজেটে মোট ৪০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে ৫ কোটি টাকা পরবর্তীতে অধিক ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানের পুনর্বাসনে ব্যবহারের লক্ষ্যে আপাতত অব্যয়িত রাখা হচ্ছে। বাকি ৩৫ কোটি টাকা ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য পর্যায়ক্রমে বরাদ্দ দেয়া হচ্ছে। এর মধ্যে এ যাবত মোট ১৯ কোটি ৯৫ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে।

পুনর্বাসন কার্যক্রমের আওতায় বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের পাকা ভবন পুনর্নির্মাণের কাজ করা হচ্ছে ফ্যাসিলিটিজ বিভাগ এবং এলজিইডি'র মাধ্যমে। এ ছাড়া অন্য সব ধরনের পুনর্বাসন কাজের দায়িত্বে থাকছে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি। এ লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ৭৫ হাজার টাকা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে দেড় লাখ টাকা পর্যন্ত বরাদ্দকৃত অর্থ সরাসরি কমিটিগুলোর কাছে দেয়া হচ্ছে। চুনকাম, আসবাবপত্র মেরামত বা প্রতিস্থাপন, পানি ও পয়ঃব্যবস্থা সংস্কার, পানিতে ডুবে যাওয়া মেঝে মেরামত, বিধ্বস্ত দেয়াল-ছাদ বা টিনের ছাউনি মেরামত, বৈজ্ঞানিক যন্ত্রপাতি মেরামত বা প্রতিস্থাপন, ক্ষতিগ্রস্ত বই-পুস্তক ক্রয় প্রভৃতি কাজে এ অর্থ ব্যবহার করা হবে।

সূত্র জানায়, ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান পুনর্বাসনের জন্য শিক্ষা মন্ত্রণালয় এ যাবত ৬ দফায় প্রতিষ্ঠানগুলোর জন্য অর্থ বরাদ্দ করেছে। গত ১৮ অক্টোবর প্রথম দফায় ৭ জেলার ৩৭ থানার ৪৮৯টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ২ কোটি ৩২ লাখ ৯৩ হাজার টাকা, দ্বিতীয় দফায় ৬ জেলার ৪২ থানার ৮০৮টি প্রতিষ্ঠানের জন্য ৪ কোটি ১ লাখ ৪৯ হাজার টাকা, তৃতীয় দফায় ১০ জেলার ৫২ থানার ৫৪১টি প্রতিষ্ঠানের জন্য ২ কোটি ৫৮ লাখ টাকা, চতুর্থ দফায় ১২ জেলার ৯৫ থানার ১ হাজার ৮০টি প্রতিষ্ঠানের জন্য ৫ কোটি ২২ লাখ ৮৩ হাজার টাকা, পঞ্চম দফায় ১৩ জেলার ৫৮ থানার ৫৯৮টি প্রতিষ্ঠানের জন্য ২ কোটি ৫০ লাখ ৮০ হাজার টাকা এবং সর্বশেষ গত ১ নবেম্বর ৭ জেলার ৫৮ থানার ৬৮৬টি প্রতিষ্ঠানের জন্য ৩ কোটি ২১ লাখ ৮৪ হাজার টাকা বরাদ্দ থানা পর্যায়ে পাঠানো হয়েছে। চাহিদার নিরিখে পুনর্বাসন খাতের বাকি অর্থ পরবর্তীতে পর্যায়ক্রমে বরাদ্দ দেয়া হবে বলেও সূত্র জানায়।